রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ৮, ১৯৯০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিশেষ কার্যাদি (কল্যাণ) মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

ঢাকা, ২১শে কার্তিক, ১৩৯৭/৬ই নভেম্বর, ১৯৯০

এস, আর, ও নং ৩৮৫-আইন/৯০—রাংগামাটি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ১৯ নম্বর আইন) এর ধারা ৬৮ (১) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :-

১। সংক্ষিপ্ত শিরোনামা।—এই বিধিমালা রাংগামাটি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ (বাজেট প্রস্তুতি ও অনুমোদন) বিধিমালা, ১৯৯০ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায় :—

(ক) "আইন" অর্থ রাংগামাটি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ আইন, ১৯৮৯ (১৯৮৯ সালের ১৯ নং আইন) ;

(খ) "ফরম" অর্থ এত্র বিধিমালায় বিধৃত কোন ফরম ; এবং

(গ) "পরিষদ" অর্থ রাংগামাটি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ।

৩। বাজেট প্রস্তুতি।—(১) রাংগামাটি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ ফরম 'ক' তে বাজেট প্রস্তুত এবং দাখিল করিবেন।

(২) বাজেট নিম্নরূপ তিনটি অংশে বিভক্ত থাকিবে, যথা :-

(ক) প্রথম অংশ .. .. .. চলতি হিসাব ;



মূল্যঃ টাকা ২'৭০

(খ) দ্বিতীয় অংশ .. .. .. মুলধন হিসাব; এবং
(গ) তৃতীয় অংশ .. .. .. বিশেষ তহবিল।

(৩) উপ-বিধি (৪) এবং (৫) এ উল্লিখিত প্রাপ্তি এবং ব্যয় ব্যতীত সকল প্রাপ্তি এবং ব্যয় চলতি হিসাবে দেখাইতে হইবে।

(৪) নিম্নলিখিত লেন-দেনসমুহ মুলধন হিসাবে দেখাইতে হইবে, যথা:-

প্রাপ্তি

(ক) পরিষদ কর্তৃক গ্রহণকত ঋণ;
(খ) পরিষদের নিকট পরিশোধিত ঋণ; এবং
(গ) সিকিউরিটি পত্র এবং বিনিয়োগ হইতে বিক্রয়লব্ধ অর্থ।

ব্যয়

(ক) পরিষদ কর্তৃক পরিশোধিত ঋণ;
(খ) পরিষদ কর্তৃক বিতরণকৃত ঋণ; এবং
(গ) সিকিউরিটি পত্র ক্রয় এবং অন্যান্য বিনিয়োগ।

টীকা: সরকার কর্তৃক সময়ে সময়ে নির্দেশিত অন্য যে কোন প্রাপ্তি ও ব্যয় মুলধন হিসাবে অন্তর্ভুক্ত হইতে পারে।

(৫) উপ-বিধি (৩) ও (৪) এ উল্লিখিত লেনদেন ব্যতীত অন্যান্য লেনদেন বিশেষ তহবিলে দেখাইতে হইবে।

৪। প্রাপ্তি এবং ব্যয়ের শ্রেণী বিভাগ।—(১) প্রাপ্তি ও ব্যয় ফরম 'ক' তে নির্দেশিত পৃথক হিসাবে শ্রেণীভুক্ত করিতে হইবে।

(২) অর্পিত খরচ (Charged expenditure) এবং অনর্পিত খরচ ( Voted expenditure) মিটানোর জন্য যে তহবিল প্রয়োজন হইবে উহা প্রত্যেক হিসাব এর খাতে পৃথকভাবে দেখাইতে হইবে।

(৩) সরকার কর্তৃক নির্দেশিত হইলে পরিষদ নির্দিষ্ট প্রকল্পের জন্য যে পরিমাণ অর্থের প্রয়োজন হইবে তাহা যথাযথ খাতের অধীনে পৃথকভাবে উল্লেখ করিবে অথবা ইচ্ছা করিলে নিজেরাও ইহা করিতে পারিবে।

৫। বাজেট বিবরণী।—পরিষদ বাজেটের সংগে নিম্নলিখিত বিবরণ পেশ করিবে, যথা:-

(ক) ফরম 'খ' তে পরিষদের নিয়মিত কর্মচারীদের বিবরণ, স্কেল এবং তাহাদের বেতন বাবদ প্রয়োজনীয় বাৎসরিক খরচের পরিমাণ;

(খ) ফরম 'গ' তে বিশেষ প্রকল্প ব্যয়ের জন্য সরকার হইতে প্রাপ্ত অর্থের প্রকৃত ব্যয় অথবা বছর শেষে প্রত্যাশিত ব্যয়ের পরিমাণ এবং জেরের বিবরণ;

(গ) বাজেটে নতুন কোন ব্যয়ের বিষয় প্রথম বারের মত প্রস্তাব করা হইলে, তাহার বিশদ বিবরণ দিতে হইবে; এবং

(ঘ) চলতি বা আগামী আর্থিক বৎসরের ব্যয় বরাদ্দের যদি কোন ধরণের হ্রাস বা বৃদ্ধি-জনিত পরিবর্তন দেখা দেয় তবে তাহার কারণের ব্যাখ্যা দিতে হইবে।

৬। বাজেট প্রস্তুত পদ্ধতি।—সরকারের পূর্বানুমোদনক্রমে পরিষদ কর্তৃক আরোপিত কর, টোল, সেস, রেইট, ফি, সম্পদ এবং অন্যান্য উৎস হইতে প্রাপ্ত অর্থের উপর ভিত্তি করিয়া অর্থ বৎসরের জন্য একটি আয়ের প্রাক্কলন প্রস্তুত করিবে। যদি কোন কর, রেইট, ইত্যাদি সরকার কর্তৃক অনুমোদিত না হইয়া থাকে এবং ইহা প্রাক্কলনে অন্তর্ভুক্ত হয় তবে বিষয়টির বিশদ ব্যাখ্যার উল্লেখ থাকিতে হইবে।

(২) একই সংগে পরিষদ অর্পিত খরচ ও অনর্পিত খরচের জন্য বিষয়সমূহ পৃথকভাবে দেখাইবে। পরিষদ নিম্নবর্ণিত অগ্রাধিকারের ভিত্তিতে নির্ধারিত ব্যয়ের প্রাক্কলন প্রস্তুত করিবে; যথা :-

(ক) সংস্থাপন খরচ;

(খ) যে সময়ের বাজেট প্রস্তুত করা হইতেছে সে সময়ের পরিষদের উপর ধার্য্যকৃত ঋণ পরিশোধ;

(গ) পরিষদ আইনের ৩৭ ধারামতে পরিষদ তহবিলের উপর অর্পিত খরচ;

(ঘ) কর আদায় খরচ;

(ঙ) পরিষদ আইন বা অন্য প্রচলিত আইন বলে পরিষদের উপর ন্যস্ত যে কোন দায়িত্ব বা কর্তব্য সম্পাদনের ব্যয়;

(চ) পরিষদ কর্তৃক সরকারের পূর্বানুমোদনক্রমে ঘোষিত যে কোন খরচ পরিষদ তহবিলের যথাযথ অর্পিত খরচ হিসাবে গণ্য হইবে।

(৩) চলতি ব্যয়-বরাদ্দ আয়ের বরাদ্দ অপেক্ষা বেশী হইতে পারিবে । কোন বছর যদি চলতি ব্যয় চলতি আয় বরাদ্দ অতিক্রম করে, তবে সেই ক্ষেত্রে সেই বছরের ঘাটতি পূরণের জন্য পরিষদ বিগত বছরের জমাকৃত উদ্বৃত্ত (যদি থাকে) ব্যবহার করিতে পারিবে।

(৪) চলতি হিসাব এর ঘাটতি পূরণে ঋণ ব্যবহার করা যাইবে না।

(৫) যদি চলতি ব্যয় বরাদ্দ আয় বরাদ্দ ছাড়াইয়া যায়, তাহা হইলে পরিষদ নিম্নোক্ত পদক্ষেপসমূহ বিবেচনা করিতে পারে, যথা:—

(ক) কর, রেইট, সেস, টোল অথবা ফি আরোপের মাধ্যমে অতিরিক্ত রাজস্ব আদায়, এবং

(খ) উপবিধি (২)-এ বর্ণিত অগ্রাধিকার তালিকার দিকে লক্ষ্য রাখিয়া অনর্পিত খরচ কমানো বা স্থগিত রাখা।

৭। বাজেট অনুমোদনের জন্য বিশেষ সভা।—(১) একটি বিশেষ সভায় বাজেট আলোচনা ও অনুমোদন করিতে হইবে এবং পরিষদ প্রতি বছর ১লা জুন উহা সরকারের নিকট দাখিল করিবে;

(২) উপ-ধারা (১) এর অধীনে বাজেটের অনুলিপি প্রাপ্তির ৩০ দিনের মধ্যে সরকার, আদেশ দ্বারা বাজেটটি সংশোধন করিতে পারিবেন এবং অনুরূপ সংশোধিত বাজেট পরিষদের অনুমোদিত বাজেট বলিয়া গণ্য হইবে।

(৩) যদি বাজেট প্রাপ্তির ৩০ দিনের মধ্যে সরকার কোনরূপ সংশোধন না করেন তবে পরিষদ কর্তৃক প্রণীত বাজেটই অনুমোদিত বাজেট বলিয়া গণ্য হইবে।

৮। বাজেট প্রত্যায়ন।—পরিষদ যদি ১লা জুনের পূর্বে বাজেট প্রস্তুত ও অনুমোদন না করে, তবে সরকার ঐ বছরের পরিষদের সম্ভাব্য আয়-ব্যয় দেখাইয়া একটি বিবরণী প্রস্তুত করিয়া তাহা প্রত্যায়ন করিবে। এই প্রত্যায়নকৃত বিবরণীটি পরিষদের সংশ্লিষ্ট অর্থ বৎসরের বাজেট বলিয়া বিবেচিত হইবে।

৯। অতিরিক্ত খরচের পুনর্বিভাজন।—(১) বাজেটে খাতওয়ারী যে পরিমাণ সংস্থান রাখা হইয়াছে তাহার অতিরিক্ত অর্থ পরিষদ খরচ করিতে পারিবে না।

(২) অর্পিত খরচের ক্ষেত্রে এক খাতের বরাদ্দ হইতে অন্য খাতে অর্থ স্থানান্তর করা যাইবে না। অনর্পিত খরচের ক্ষেত্রে প্রয়োজনবোধে এক খাত হইতে অন্য খাতে অর্থ স্থানান্তর করা যাইবে, তবে ইহার পরিমাণ যে খাতে স্থানান্তরিত করা হইবে তাহার মোট বরাদ্দের শতকরা ১০ ভাগের বেশী হইতে পারিবে না।

১০। ন্যূনতম সমাপ্তি জের।—পরিষদের ন্যূনতম সমাপ্তি জের সাধারণতঃ সমগ্র অর্থ বৎসরের সংস্থাপন ও নির্দিষ্ট মাসিক খরচের খাতের মোট ব্যয়ের ১/১২ এর কম হইবে না অথবা এক মাসের মোট গড় ব্যয়ের কম হইবে না।

১১। সংশোধিত হিসাব।—(১) পরিষদ যদি মনে করে যে, বাজেটে যে আয়-ব্যয়ের বরাদ্দ দেখানো হইয়াছে তাহা হইতে সংশ্লিষ্ট বৎসরের প্রকৃত আয়-ব্যয়ের পরিমাণে বড় ধরণের পার্থক্য দেখা দিতে পারে সেক্ষেত্রে পরিষদ সংশ্লিষ্ট অর্থ বৎসরের মধ্যে প্রকৃত প্রয়োজনের ভিত্তিতে সংশোধিত বাজেট তৈরী করিতে পারিবে।

(২) বাজেট প্রস্তুতের নিয়মাবলী অনুসরণ করিয়া প্রয়োজনমত পরিবর্তন আনয়ন করিয়া সংশোধিত বাজেট প্রস্তুত করিতে হইবে।

১২। সুনির্দিষ্ট প্রকল্পের জন্য তহবিল।—কোন নির্দিষ্ট প্রকল্পে ব্যয় করার জন্য সরকার কর্তৃক পরিষদের কাছে ন্যস্ত অর্থ সরকারের নির্দেশক্রমে পরিষদের বাজেটে অন্তর্ভুক্ত করা যাইবে এবং সেই ক্ষেত্রে পরিষদ অর্থের প্রাপ্তি ও ব্যয় বাজেট বরাদ্দে বা সংশোধিত বাজেটে অন্তর্ভুক্ত করিবে।

১৩। রহিতকরণ।—রাংগামাটি পার্বত্য জেলা স্থানীয় সরকারের ক্ষেত্রে The District Council ( Preparation and Sanction of Budget) Rules, 1960 এর প্রয়োগ এতদ্বারা রহিত করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নাজেম আহমেদ চৌধুরী

সচিব।

ফরম নং "ক"

(৩ নং বিধি)

পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের বাজেট

বৎসর .....................

প্রথমাংশ—চলতি খাত

| আয়ের খাতসমূহ | আগামী বৎসরের বাজেট বরাদ্দ। | চলতি বৎসরের বাজেট বা সংশোধিত বাজেট বরাদ্দ। | পূর্ববর্তী বৎসরের প্রকৃত আয়। | ব্যয়ের বিবরণ | আগামী বৎসরের বাজেট বরাদ্দ। | চলতি বৎসরের বাজেট বা সংশোধিত বাজেট বরাদ্দ। | পূর্ববর্তী বৎসরের প্রকৃত আয়। |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১। স্থানীয় রেইট | | | | ১। সাধারণ সংস্থাপন | | | |
| ২। কর—<br>(ক) ভূমি কর—((স্থানীয় রেট ব্যতীত)।<br>(খ) স্থায়ী সম্পদ হস্তান্তর কর<br>(গ) বিজ্ঞপ্তি কর। | | | | (১) কর্মকর্তা/কর্মচারীদের বেতন ও ভাতা—<br>(ক) অর্পিত<br>(খ) অনর্পিত<br>(২) অন্যান্য প্রাতিষ্ঠানিক ব্যয়।<br>২। কর আদায় বাবদ ব্যয় (অনর্পিত)। | | | |
| ৩। টোল—স্থানীয় সরকার পরিষদ কর্তৃক নিয়ন্ত্রিত রাস্তা, সেতু, ফেরী, ইত্যাদির উপর টোল। | | | | ৩। কৃষি (অনর্পিত) (প্রকল্পসমূহ পৃথকভাবে উল্লেখ করুন)। | | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|
| ৪। রেট—স্থানীয় সরকার পরিষদ কর্তৃক গৃহীত জন কল্যাণমূলক কাজের জন্য রেট (নির্দিষ্ট করুন)। | | | | ৪। স্বাস্থ্য ও স্বাস্থ্য ব্যবস্থা (অর্পিত)। (প্রকল্পসমূহ পৃথকভাবে উল্লেখ করুন)। | | | |
| ৫। ফী—<br>(ক) স্থানীয় সরকার পরিষদ কর্তৃক প্রতিষ্ঠিত ও নিয়ন্ত্রিত বিদ্যালয়সমূহের ফী।<br>(খ) স্থানীয় সরকার পরিষদ কর্তৃক নিয়ন্ত্রিত যে কোন জন কল্যাণমূলক কাজ হতে উদ্ভূত সুবিধাদির উপর ফী (নির্দিষ্ট করুন)।<br>(গ) পরিষদ কর্তৃক প্রদত্ত নির্দিষ্ট সেবার উপর ফী (নির্দিষ্ট সেবা উল্লেখ করুন)। | | | | ৫। রাস্তা, ইমারত এবং যোগাযোগ (অনর্পিত) (প্রকল্পসমূহ পৃথকভাবে উল্লেখ করুন)। | | | |
| ৬। অন্যান্য কর | | | | ৬। শিক্ষা (অনর্পিত) (প্রকল্পসমূহ পৃথকভাবে উল্লেখ করুন)। | | | |
| ৭। সম্পদ হইতে ভাড়া ও মুনাফা। | | | | ৭। সেচ ও বাঁধ (অনর্পিত) (প্রকল্পসমূহ পৃথকভাবে উল্লেখ করুন)। | | | |

৮। স্বেচ্ছামূলক দান]

৯। অনুদান

(ক) সরকার হইতে—

(ক·১) বর্ধিত অনুদান

(ক·২) জমির মালিকের করের (Cess) অংশের পরিবর্তে অনুদান।

(ক·৩) বকেয়া করের পরিবর্তে অনুদান।

(ক·৪) দুর্মূল্য ভাতা বাবদ সরকারের আর্থিক সাহায্য।

(ক·৫) অন্যান্য উদ্দেশ্য (পৃথকভাবে উল্লেখ করুন)

(খ) অন্যান্য উৎস হইতে (উৎস এবং উদ্দেশ্য পৃথকভাবে উল্লেখ করুন)।

১০। বিনিয়োগ হইতে সুদ]

১১। বিবিধ

১২। প্রারম্ভিকদের জের

মোট আয় (চলতি হিসাব)

৮। বিবিধ

(ক) অডিট (অপিত)

(খ) নির্বাচন (অপিত)

(গ) (অন্যান্য খাত পৃথকভাবে উল্লেখ করুন)।

(ঘ) শেষ জের

মোট ব্যয় (চলতি হিসাব)

দ্বিতীয়াংশ—মূলধন হিসাব

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|
| ১। ঋণ : | | | | ১। সরকার এবং অন্যান্য পাওনাদারদের ঋণ পরিশোধ (অর্পিত) (প্রত্যেকটি পৃথকভাবে দেখাইতে হইবে)। | | | |
| (ক) সরকার হইতে— | | | | | | | |
| (ক.১) (পৃথকভাবে উল্লেখ করুন) | | | | | | | |
| (ক.২) ঐ | | | | | | | |
| (ক.৩) ঐ | | | | | | | |
| (খ) অন্যান্য উৎস হইতে : | | | | ২। বিনিয়োগ | | | |
| (খ.১) (পৃথকভাবে উদ্দেশ্য উল্লেখ করুন) | | | | ৩। আমানত ও অগ্রিম | | | |
| (খ.২) ঐ | | | | ৪। ঋণ হইতে খরচ (কারণসমূহ পৃথকভাব উল্লেখ করুন) | | | |
| ২। পরিষদকে পরিশোধিত অংকের পরিমাণ (উৎস পৃথকভাবে উল্লেখ করুন)। | | | | | | | |
| ৩। বিনিয়োগ বিক্রয় লব্ধ অর্থ | | | | | | | |
| ৪। আমানত ও অগ্রিম | | | | | | | |
| ৫। প্রারম্ভিক জের | | | | ৫। শেষ জের | | | |
| মোট আয় (মূলধন হিসাব) | | | | মোট ব্যয় (মূলধন হিসাব) | | | |

## তৃতীয় অংশ—বিশেষ তহবিল

১। যাকাত :

(ক) প্রারম্ভিক জের

(খ) যাকাত কূপনের বিক্রয় লব্ধ অর্থ

(গ) প্রকারান্তরে প্রদত্ত যাকাতের বিক্রয় লব্ধ অর্থ।

মোট আয় (বিশেষ তহবিল)

১। যাকাত :

(ক) কালেক্টরের নিকট প্রেরণ

(খ) আদায় খরচ

(গ) অন্যান্য খরচ (দফাওয়ারী উল্লেখ করিতে হইবে, (যদি থাকে)।

(ঘ) শেষ জের

মোট ব্যয় (বিশেষ তহবিল)

ফরম "ধ"

.................. পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের নিয়মিত কর্মচারীদের বিবরণ

সন.............

| বিভাগ/শাখা/ প্রশাখা। | ক্রমিক নং। | পদবী | পদের সংখ্যা। | পদধারীর সংখ্যা। | বেতন স্কেল। | মহার্ঘ ভাতা। | কন্ট্রিবিউটরী প্রভিডেন্ট ফাণ্ড। | অন্যান্য ভাতা। | মাসিক গড় খরচ। | বাৎসরিক বরাদ্দ। | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| | | | | | | | | | | | |

প্রধান নির্বাহী কর্মকর্তা

...............পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ।

চেয়ারম্যান

...............পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ।

ফরম "গ"

................পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ

সন............

বিশেষ বিশেষ প্রকল্পে ব্যয়ের জন্য সরকারি প্রদত্ত অর্থের বিবরণ

| ক্রমিক নং। | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | প্রাপ্ত সরকারী অর্থের পরিমাণ। | বছরে যে অর্থ ব্যয় হইয়াছে বা হইতে পারে তাহার পরিমাণ। | সম্ভাব্য জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |

প্রধান নির্বাহী কর্মকর্তা
............পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ।

চেয়ারম্যান
............পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ।

প্রজ্ঞাপন

ঢাকা, ২১শে কার্তিক, ১৩৯৭/৬ই নভেম্বর, ১৯৯০

এস, আর, ও নং ৩৮৬-আইন/৯০—খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ২০ নম্বর আইন) এর ধারা ৬৮ (১) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। সংক্ষিপ্ত শিরোনামা।—এই বিধিমালা খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ (বাজেট প্রস্তুতি ও অনুমোদন) বিধিমালা, ১৯৯০ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায় :—

(ক) "আইন" অর্থ খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ আইন, ১৯৮৯ (১৯৮৯ সালের ২০ নং আইন) ;

(খ) "ফরম" অর্থ অত্র বিধিমালায় বিধৃত কোন ফরম ; এবং

(গ) "পরিষদ" অর্থ খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ।

৩। বাজেট প্রস্তুতি।—(১) খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ ফরম 'ক' তে বাজেট প্রস্তুত এবং দাখিল করিবেন।

(২) বাজেট নিম্নরূপ তিনটি অংশে বিভক্ত থাকিবে, যথা :—

(ক) প্রথম অংশ .. .. .. চলতি হিসাব ;

(খ) দ্বিতীয় অংশ .. .. .. মূলধন হিসাব ; এবং

(গ) তৃতীয় অংশ .. .. .. বিশেষ তহবিল।

(৩) উপবিধি (৪) এবং (৫) এ উল্লিখিত প্রাপ্তি এবং ব্যয় ব্যতীত সকল প্রাপ্তি এবং ব্যয় চলতি হিসাবে দেখাইতে হইবে।

(৪) নিম্নলিখিত লেনদেনসমূহ মলধন হিসাবে দেখাইতে হইবে, যথা :—

প্রাপ্তি

(ক) পরিষদ কর্তৃক গ্রহণকৃত ঋণ ;

(খ) পরিষদের নিকট পরিশোধিত ঋণ ; এবং

(গ) সিকিউরিটি পত্র এবং বিনিয়োগ হইতে বিক্রয়লব্ধ অর্থ।

ব্যয়

(ক) পরিষদ কর্তৃক পরিশোধিত ঋণ ;

(খ) পরিষদ কর্তৃক বিতরণকৃত ঋণ ; এবং

(গ) সিকিউরিটি পত্র ক্রয় এবং অন্যান্য বিনিয়োগ।

টীকা : সরকার কর্তৃক সময়ে সময়ে নির্দেশিত অন্য যে কোন প্রাপ্তি ও ব্যয় মূলধন হিসাবে অন্তর্ভুক্ত হইতে পারে।

(৫) উপবিধি (৩) ও (৪) এ উল্লিখিত লেনদেন ব্যতীত অন্যান্য লেনদেন বিশেষ তহবিলে দেখাইতে হইবে।

৪। প্রাপ্তি এবং ব্যয়ের শ্রেণী বিভাগ।—(১) প্রাপ্তি ও ব্যয় ফরম 'ক' তে নির্দেশিত পৃথক হিসাবে শ্রেণীভুক্ত করিতে হইবে।

(২) অর্পিত খরচ ( Charged expenditure ) এবং অনর্পিত খরচ ( Voted expenditure ) মিটানোর জন্য যে তহবিল প্রয়োজন হইবে উহা প্রত্যেক হিসাব এর খাতে পৃথকভাবে দেখাইেত হইবে।

(৩) সরকার কর্তৃক নির্দেশিত হইলে পরিষদ নির্দিষ্ট প্রকল্পের জন্য যে পরিমাণ অর্থের প্রয়োজন হইবে তাহা যথাযথ খাতের অধীনে পৃথকভাবে উল্লেখ করিবে অথবা ইচ্ছা করিলে নিজেরাও ইহা করিতে পারিবে।

৫। বাজেট বিবরণী।—পরিষদ বাজেটের সংগে নিম্নলিখিত বিবরণ পেশ করিবে, যথা :—

(ক) ফরম 'খ' তে পরিষদের নিয়মিত কর্মচারীদের বিবরণ, স্কেল এবং তাহাদের বেতন বাবদ প্রয়োজনীয় বাৎসরিক খরচের পরিমাণ ;

(খ) ফরম 'গ' তে বিশেষ প্রকল্পে ব্যয়ের জন্য সরকার হইতে প্রাপ্ত অর্থের প্রকৃত ব্যয় অথবা বছর শেষে প্রত্যাশিত ব্যয়ের পরিমাণ এবং জেরের বিবরণ ;

(গ) বাজেটে নতুন কোন ব্যয়ের বিষয় প্রথম বারের মত প্রস্তাব করা হইলে, তাহার বিশদ বিবরণ দিতে হইবে ; এবং

(ঘ) চলতি বা আগামী আর্থিক বৎসরের ব্যয় বরাদ্দের যদি কোন ধরণের হ্রাস বা বৃদ্ধি-জনিত পরিবর্তন দেখা দেয় তবে তাহার কারণের ব্যাখ্যা দিতে হইবে।

৬। বাজেট প্রস্তুত পদ্ধতি।—(১) সরকারের পূর্বানুমোদনক্রমে পরিষদ কর্তৃক আরোপিত কর, টোল, সেস, রেইট, ফি, সম্পদ এবং অন্যান্য উৎস হইতে প্রাপ্ত অর্থের উপর ভিত্তি করিয়া অর্থ বৎসরের জন্য একটি আয়ের প্রাক্কলন প্রস্তুত করিবে। যদি কোন কর, রেইট ইত্যাদি সরকার কর্তৃক অনুমোদিত না হইয়া থাকে এবং ইহা প্রাক্কলনে অন্তর্ভুক্ত হয় তবে বিষয়টির বিশদ ব্যাখ্যার উল্লেখ থাকিতে হইবে।

(২) একই সংগে পরিষদ অর্পিত খরচ ও অনর্পিত খরচের জন্য বিষয়সমূহ পৃথকভাবে দেখাইবে। পরিষদ নিম্নবর্ণিত অগ্রাধিকারের ভিত্তিতে নির্ধারিত ব্যয়ের প্রাক্কলন প্রস্তুত করিবে, যথা :—

(ক) সংস্থাপন খরচ ;

(খ) যে সময়ের বাজেট প্রস্তুত করা হইতেছে সে সময়ের পরিষদের উপর ধার্য্যকৃত ঋণ পরিশোধ;

(গ) পরিষদ আইনের ৩৭ ধারামতে পরিষদ তহবিলের উপর অর্পিত খরচ;

(ঘ) কর আদায় খরচ;

(ঙ) পরিষদ আইন বা অন্য প্রচলিত আইন বলে পরিষদের উপর ন্যস্ত যে কোন দায়িত্ব বা কর্তব্য সম্পাদনের ব্যয়;

(চ) পরিষদ কর্তৃক সরকারের পূর্বানুমোদনক্রমে ঘোষিত যে কোন খরচ পরিষদ তহবিলের যথাযথ অর্পিত খরচ হিসাবে গণ্য হইবে।

(৩) চলতি ব্যয়-বরাদ্দ আয়ের বরাদ্দ অপেক্ষা বেশী হইতে পারিবে না। কোন বছর যদি চলতি ব্যয় চলতি আয় বরাদ্দ অতিক্রম করে, তবে সেই ক্ষেত্রে সেই বছরের ঘাটতি পূরণের জন্য পরিষদ বিগত বছরের জমাকৃত উদ্বৃত্ত (যদি থাকে) ব্যবহার করিতে পারিবে।

(৪) চলতি হিসাব এর ঘাটতি পূরণে ঋণ ব্যবহার করা যাইবে না।

(৫) যদি চলতি ব্যয় বরাদ্দ আয় বরাদ্দ ছাড়াইয়া যায়, তাহা হইলে পরিষদ নিম্নোক্ত পদক্ষেপসমূহ বিবেচনা করিতে পারে, যথা:—

(ক) কর, রেইট, সেস, টোল অথবা ফি আরোপের মাধ্যমে অতিরিক্ত রাজস্ব আদায়, এবং

(খ) উপবিধি (২)-এ বর্ণিত অগ্রাধিকার তালিকার দিকে লক্ষ্য রাখিয়া অনর্পিত খরচ কমানো বা স্থগিত রাখা।

৭। বাজেট অনুমোদনের জন্য বিশেষ সভা।—(১) একটি বিশেষ সভায় বাজেট আলোচনা ও অনুমোদন করিতে হইবে এবং পরিষদ প্রতি বছর ১লা জুন উহা সরকারের নিকট দাখিল করিবে।

(২) উপ-ধারা (১) এর অধীনে বাজেটের অনুলিপি প্রাপ্তির ৩০ দিনের মধ্যে সরকার, আদেশ দ্বারা বাজেটটি সংশোধন করিতে পারিবেন এবং অনুরূপ সংশোধিত বাজেট পরিষদের অনুমোদিত বাজেট বলিয়া গণ্য হইবে।

(৩) যদি বাজেট প্রাপ্তির ৩০ দিনের মধ্যে সরকার কোনরূপ সংশোধন না করেন তবে পরিষদ কর্তৃক প্রণীত বাজেটই অনুমোদিত বাজেট বলিয়া গণ্য হইবে।

৮। বাজেট প্রত্যায়ন।—পরিষদ যদি ১লা জুনের পূর্বে বাজেট প্রস্তুত ও অনুমোদন না করে, তবে সরকার ঐ বছরের পরিষদের সম্ভাব্য আয়-ব্যয় দেখাইয়া একটি বিবরণী প্রস্তুত করিয়া তাহা প্রত্যায়ন করিবে। এই প্রত্যায়নকৃত বিবরণীটি পরিষদের সংশ্লিষ্ট অর্থ বৎসরের বাজেট বলিয়া বিবেচিত হইবে।

৯। অতিরিক্ত খরচের পুনর্বিভাজন।—(১) বাজেটে খাতওয়ারী যে পরিমাণ সংস্থান রাখা হইয়াছে তাহার অতিরিক্ত অর্থ পরিষদ খরচ করিতে পারিবে না।

(২) অর্পিত খরচের ক্ষেত্রে এক খাতের বরাদ্দ হইতে অন্য খাতে অর্থ স্থানান্তর করা যাইবে না। অনর্পিত খরচের ক্ষেত্রে প্রয়োজনবোধে এক খাত হইতে অন্য খাতে অর্থ স্থানান্তর করা যাইবে, তবে ইহার পরিমাণ যে খাতে স্থানান্তরিত করা হইবে তাহার মোট বরাদ্দের শতকরা ১০ ভাগের বেশী হইতে পারিবে না।

১০। ন্যূনতম সমাপ্তি জের।—পরিষদের ন্যূনতম সমাপ্তি জের সাধারণতঃ সমগ্র অর্থ বৎসরের সংস্থাপন ও নির্দিষ্ট মাসিক খরচের খাতের মোট ব্যয়ের ১/১২ এর কম হইবে না অথবা এক মাসের মোট গড় ব্যয়ের কম হইবে না।

১১। সংশোধিত হিসাব।—(১) পরিষদ যদি মনে করে যে, বাজেটে যে আয়-ব্যয়ের বরাদ্দ দেখানো হইয়াছে তাহা হইতে সংশ্লিষ্ট বৎসরের প্রকৃত আয়-ব্যয়ের পরিমাণে বড় ধরণের পার্থক্য দেখা দিতে পারে সেক্ষেত্রে পরিষদ সংশ্লিষ্ট অর্থ বৎসরের মধ্যে প্রকৃত প্রয়োজনের ভিত্তিতে সংশোধিত বাজেট তৈরী করিতে পারিবে।

(২) বাজেট প্রস্তুতের নিয়মাবলী অনুসরণ করিয়া প্রয়োজনমত পরিবর্তন আনয়ন করিয়া সংশোধিত বাজেট প্রস্তুত করিতে হইবে।

১২। সুনির্দিষ্ট প্রকল্পের জন্য তহবিল।—কোন নির্দিষ্ট প্রকল্পে ব্যয় করার জন্য সরকার কর্তৃক পরিষদের কাছে ন্যস্ত অর্থ সরকারের নির্দেশক্রমে পরিষদের বাজেটে অন্তর্ভুক্ত করা যাইবে এবং সেই ক্ষেত্রে পরিষদ অর্থের প্রাপ্তি ও ব্যয় বাজেট বরাদ্দে বা সংশোধিত বাজেটে অন্তর্ভুক্ত করিবে।

১৩। রহিতকরণ।—খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকারের ক্ষেত্রে The District Council (Preparation and sanction of Budget) Rules, 1960 এর প্রয়োগ এতদ্বারা রহিত করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নাজেম আহমেদ চৌধুরী

সচিব।

ফরম নং "ক"

(৩ নং বিধি)

পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের বাজেট

বৎসর ..................

প্রথমাংশ—চলতি খাত

| আয়ের খাতসমূহ | আগামী বৎসরের বাজেট বরাদ্দ। | চলতি বৎসরের বাজেট বা সংশোধিত বাজেট বরাদ্দ। | পূর্ববর্তী বৎসরের প্রকৃত আয়। | ব্যয়ের বিবরণ | আগামী বৎসরের বাজেট বরাদ্দ। | চলতি বৎসরের বাজেট বা সংশোধিত বাজেট বরাদ্দ। | পূর্ববর্তী বৎসরের প্রকৃত আয়। |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১। স্থানীয় রেইট | | | | ১। সাধারণ সংস্থাপন | | | |
| ২। কর— | | | | (১) কর্মকর্তা/কর্মচারীদের বেতন ও ভাতা। | | | |
| (ক) ভূমি কর (স্থানীয় রেট ব্যতীত)। | | | | (ক) অর্পিত<br>(খ) অনর্পিত | | | |
| (খ) স্থায়ী সম্পদ হস্তান্তর কর। | | | | (২) অন্যান্য প্রাতিষ্ঠানিক ব্যয়। | | | |
| (গ) বিজ্ঞপ্তি কর | | | | ২। কর আদায় বাবদ ব্যয় (অনর্পিত)। | | | |

| | |
|---|---|
| ৩। টোল স্থানীয় সরকার পরিষদ কর্তৃক নিয়ন্ত্রিত রাস্তা, সেতু, ফেরী, ইত্যাদির উপর টোল। | ৩। কৃষি (অর্পিত) (প্রকল্পসমূহ পৃথকভাবে উল্লেখ করুন)। |
| ৪। রেট স্থানীয় সরকার পরিষদ কর্তৃক গৃহীত জন কল্যাণমূলক কাজের জন্য রেট (নির্দিষ্ট করুন)। | ৪। স্বাস্থ্য ও স্বাস্থ্য ব্যবস্থা (অ..র্পিত) (প্রকল্পসমূহ পৃথকভাবে উল্লেখ করুন)। |
| ৫। ফী<br>(ক) স্থানীয় সরকার পরিষদ কর্তৃক প্রতিষ্ঠিত ও নিয়ন্ত্রিত বিদ্যালয়সমূহের ফী।<br>(খ) স্থানীয় সরকার পরিষদ কর্তৃক নিয়ন্ত্রিত যে কোন জনকল্যাণমূলক কাজ হতে উদ্ভূত সুবিধাদির উপর ফী (নির্দিষ্ট করুন)।<br>(গ) পরিষদ কর্তৃক প্রদত্ত নির্দিষ্ট সেবার উপর ফী (নির্দিষ্ট সেবা উল্লেখ করুন)। | ৫। রাস্তা, ইমারত এবং যোগাযোগ (অর্পিত) (প্রকল্পসমূহ পৃথকভাবে উল্লেখ করুন)। |
| ৬। অন্যান্য কর | ৬। শিক্ষা (অর্পিত) (প্রকল্পসমূহ পৃথকভাবে উল্লেখ করুন)। |
| ৭। সম্পদ হইতে ভাড়া ও মুনাফা। | ৭। সেচ ও বাঁধ (অর্পিত) (প্রকল্পসমূহ পৃথকভাবে উল্লেখ করুন) |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|
| ৮। স্বেচ্ছামূলক দান, | | | | ৮। বিবিধ | | | |
| ৯। অনুদান: | | | | | | | |
| (ক) সরকার হইতে | | | | (ক) অডিট (অর্পিত) | | | |
| (ক·১) বর্ধিত অনুদান | | | | (খ) নির্বাচন (অর্পিত)। | | | |
| (ক·২) জমির মালিকের করের (cess s) অংশের পরিবর্তে অনুদান। | | | | | | | |
| (ক·৩) বকেয়া করের পরিবর্তে অনুদান। | | | | | | | |
| (ক·৪) দুর্মূল্য ভাতা বাবদ সরকারের আর্থিক সাহায্য। | | | | | | | |
| (ক.৫) অন্যান্য উদ্দেশ্য (পৃথকভাবে উল্লেখ করুন)। | | | | | | | |
| (খ) অন্যান্য উৎস হইতে (উৎস এবং উদ্দেশ্য পৃথকভাবে উল্লেখ করুন)। | | | | (গ) (অন্যান্য খাত পৃথকভাবে উল্লেখ করুন)। | | | |
| ১০। বিনিয়োগ হইতে সুদ | | | | (ঘ) শেষ জের | | | |
| ১১। বিবিধ | | | | | | | |
| ১২। প্রারম্ভিক জের | | | | | | | |
| মোট আয় (চলতি হিসাব) | | | | মোট ব্যয় (চলতি হিসাব) | | | |

দ্বিতীয়াংশ—মূলধন হিসাব

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|
| ১। ঋণ:— | | | | ১। সরকার এবং অন্যান্য পাওনাদারদের ঋণ পরিশোধ (অর্পিত)। (প্রত্যেকটি পৃথকভাবে দেখাইতে হইবে)। | | | |
| (ক) সরকার হইতে: | | | | | | | |
| (ক·১) (পৃথকভাবে উল্লেখ করুন) | | | | | | | |
| (ক·২) ঐ | | | | | | | |
| (ক·৩) ঐ | | | | | | | |
| (খ) অন্যান্য উৎস হইতে: | | | | ২। বিনিয়োগ | | | |
| (খ·১) (পৃথকভাবে উদ্দেশ্য উল্লেখ করুন)। | | | | ৩। আমানত ও অগ্রিম | | | |
| | | | | ৪। ঋণ হইতে খরচ (কারণসমূহ পৃথকভাবে উল্লেখ করুন)। | | | |
| (খ·২) ঐ | | | | | | | |
| ২। পরিষদকে পরিশোধিত অংকের পরিমাণ (উৎস পৃথকভাবে উল্লেখ করুন)। | | | | | | | |
| ৩। বিনিয়োগ বিক্রয়লব্ধ অর্থ | | | | | | | |
| ৪। আমানত ও অগ্রিম | | | | | | | |
| ৫। প্রারম্ভিক জের | | | | ৫। শেষ জের | | | |
| মোট আয় (মূলধন হিসাব) | | | | মোট ব্যয় (মূলধন হিসাব) | | | |

তৃতীয় অংশ—বিশেষ তহবিল

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|
| ১। যাকাত : | | | | ১। যাকাত : | | | |
| (ক) প্রারম্ভিক জের | | | | (ক) কালেক্টরের নিকট প্রেরণ | | | |
| (খ) যাকাত কুপনের বিক্রয়লব্ধ অর্থ | | | | (খ) আদায় খরচ | | | |
| (গ) প্রকারান্তরে প্রদত্ত যাকাতের বিক্রয়লব্ধ অর্থ। | | | | (গ) অন্যান্য খরচ (দফাওয়ারী উল্লেখ করিতে হইবে, যদি থাকে)। | | | |
| | | | | (ঘ) শেষ জের | | | |
| মোট আয় (বিশেষ তহবিল) | | | | মোট ব্যয় (বিশেষ তহবিল) | | | |

ফরম "খ"

................... পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের নিয়মিত কর্মচারীদের বিবরণ।

সন.............

| বিভাগ/শাখা/প্রশাখা। | ক্রমিক নং। | পদবী | পদের সংখ্যা। | পদধারীর সংখ্যা। | বেতন স্কেল। | মহার্ঘ ভাতা। | কন্ট্রিবিউটরী প্রভিডেন্ট ফাণ্ড। | অন্যান্য ভাতা। | মাসিক গড় খরচ। | বাৎসরিক বরাদ্দ। | মন্তব্য |
| --- | --- | --- | --- | --- | --- | --- | --- | --- | --- | --- | --- |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১৩ |
| | | | | | | | | | | | |

প্রধান নির্বাহী কর্মকর্তা
...............পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ।

চেয়ারম্যান
..............পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ।

ফরম "গ"

................পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ

সন............

বিশেষ বিশেষ প্রকল্পে ব্যয়ের জন্য সরকার প্রদত্ত অর্থের বিবরণ

| ক্রমিক নং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | প্রাপ্ত সরকারী অর্থের পরিমাণ। | বছরে যে অর্থ ব্যয় হইয়াছে বা হইতে পারে তাহার পরিমাণ | সম্ভাব্য জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |

প্রধান নির্বাহী কর্মকর্তা
............পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ।

চেয়ারম্যান
............পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ।

প্রজ্ঞাপন

ঢাকা, ২১শে কার্ত্তিক, ১৩৯৭/৬ই নভেম্বর, ১৯৯০

এস, আর, ও নং ৩৮৭-আইন/৯০।—বান্দরবান পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ২১ নম্বর আইন) এর ধারা ৬৮ (১) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :-

১। সংক্ষিপ্ত শিরোনামা।—এই বিধিমালা বান্দরবান পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ (বাজেট প্রস্তুতি ও অনুমোদন) বিধিমালা, ১৯৯০ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।— বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায় :—

(ক) "আইন" অর্থ বান্দরবান পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ আইন, ১৯৮৯ (১৯৮৯ সানের ২১ নং আইন) ;

(খ) "ফরম" অর্থ অত্র বিধিমালায় বিধৃত কোন ফরম ; এবং

(গ) "পরিষদ" অর্থ বান্দরবান পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ।

৩। বাজেট প্রস্তুতি।—(১) বান্দরবান পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ ফরম 'ক' তে বাজেট প্রস্তুত এবং দাখিল করিবেন।

(২) বাজেট নিম্নরূপ তিনটি অংশে বিভক্ত থাকিবে, যথা :—

(ক) প্রথম অংশ .. .. .. চলতি হিসাব ;

(খ) দ্বিতীয় অংশ .. .. .. মূলধন হিসাব ; এবং

(গ) তৃতীয় অংশ .. .. .. বিশেষ তহবিল।

(৩) উপবিধি (৪) এবং (৫) এ উল্লিখিত প্রাপ্তি এবং ব্যয় ব্যতীত সকল প্রাপ্তি এবং ব্যয় চলতি হিসাবে দেখাইতে হইবে।

(৪) নিম্নলিখিত লেনদেনসমূহ মূলধন হিসাবে দেখাইতে হইবে, যথা :—

প্রাপ্তি

(ক) পরিষদ কর্তৃক গ্রহণকৃত ঋণ ;

(খ) পরিষদের নিকট পরিশোধিত ঋণ ; এবং

(গ) সিকিউরিটি পত্র এবং বিনিয়োগ হইতে বিক্রয়লব্ধ অর্থ।

ব্যয়

(ক) পরিষদ কর্তৃক পরিশোধিত ঋণ ;

(খ) পরিষদ কর্তৃক বিতরণকৃত ঋণ ; এবং

(গ) সিকিউরিটি পত্র ক্রয় এবং অন্যান্য বিনিয়োগ।

টীকা : সরকার কর্তৃক সময়ে সময়ে নির্দেশিত অন্য যে কোন প্রাপ্তি ও ব্যয় মূলধন হিসাবে অন্তর্ভুক্ত হইতে পারে।

(৫) উপবিধি (৩) ও (৪) এ উল্লিখিত লেনদেন ব্যতীত অন্যান্য লেনদেন বিশেষ তহবিলে দেখাইতে হইবে।

৪। প্রাপ্তি এবং ব্যয়ের শ্রেণী বিভাগ।—(১) প্রাপ্তি ও ব্যয় ফরম 'ক' তে নির্দেশিত পৃথক হিসাবে শ্রেণীভুক্ত করিতে হইবে।

(২) অর্পিত খরচ ( Cha ged expenditure ) এবং অনর্পিত খরচ ( Voted expenditure ) মিটানোর জন্য যে তহবিল প্রয়োজন হইবে উহা প্রত্যেক হিসাব এর খাতে পৃথকভাবে দেখাইতে হইবে।

(৩) সরকার কর্তৃক নির্দেশিত হইলে পরিষদ নির্দিষ্ট প্রকল্পের জন্য যে পরিমাণ অর্থের প্রয়োজন হইবে তাহা যথাযথ খাতের অধীনে পৃথকভাবে উল্লেখ করিবে অথবা ইচ্ছা করিলে নিজেরাও ইহা করিতে পারিবে।

৫। বাজেট বিবরণী।—পরিষদ বাজেটের সংগে নিম্নলিখিত বিবরণ পেশ করিবে, যথা :—

(ক) ফরম 'খ' তে পরিষদের নিয়মিত কর্মচারীদের বিবরণ, স্কেল এবং তাহাদের বেতন বাবদ প্রয়োজনীয় বাৎসরিক খরচের পরিমাণ ;

(খ) ফরম 'গ' তে বিশেষ প্রকল্পে ব্যয়ের জন্য সরকার হইতে প্রাপ্ত অর্থের প্রকৃত ব্যয় অথবা বছর শেষে প্রত্যাশিত ব্যয়ের পরিমাণ এবং জেরের বিবরণ ;

(গ) বাজেটে নতুন কোন ব্যয়ের বিষয় প্রথম বারের মত প্রস্তাব করা হইলে, তাহার বিশদ বিবরণ দিতে হইবে ; এবং

(ঘ) চলতি বা আগামী আর্থিক বৎসরের ব্যয় বরাদ্দের যদি কোন ধরণের হ্রাস বা বৃদ্ধিজনিত পরিবর্তন দেখা দেয় তবে তাহার কারণের ব্যাখ্যা দিতে হইবে।

৬। বাজেট প্রস্তুত পদ্ধতি।—সরকারের পূর্বানুমোদনক্রমে পরিষদ কর্তৃক আরোপিত কর, টোল, সেস, রেইট, ফি, সম্পদ এবং অন্যান্য উৎস হইতে প্রাপ্ত অর্থের উপর ভিত্তি করিয়া অর্থ বৎসরের জন্য একটি আয়ের প্রাককলন প্রস্তুত করিবে। যদি কোন কর, রেইট ইত্যাদি সরকার কর্তৃক অনুমোদিত না হইয়া থাকে এবং ইহা প্রাক্কলনে অন্তর্ভুক্ত হয় তবে বিষয়টির বিশদ ব্যাখ্যায় উল্লেখ থাকিতে হইবে।

(২) একই সংগে পরিষদ অর্পিত খরচ ও অনর্পিত খরচের জন্য বিষয়সমূহ পৃথকভাবে দেখাইবে। পরিষদ নিম্নবর্ণিত অগ্রাধিকারের ভিত্তিতে নির্ধারিত ব্যয়ের প্রাককলন প্রস্তুত করিবে, যথা :—

(ক) সংস্থাপন খরচ ;

(খ) যে সময়ের বাজেট প্রস্তুত করা হইতেছে সে সময়ের পরিষদের উপর ধার্য্যকৃত ঋণ পরিশোধ;

(গ) পরিষদ আইনের ৩৭ ধারামতে পরিষদ তহবিলের উপর অর্পিত খরচ;

(ঘ) কর আদায় খরচ;

(ঙ) পরিষদ আইন বা অন্য প্রচলিত আইন বলে পরিষদের উপর ন্যস্ত যে কোন দায়িত্ব বা কর্তব্য সম্পাদনের ব্যয়;

(চ) পরিষদ কর্তৃক সরকারের পূর্বানুমোদনক্রমে ঘোষিত যে কোন খরচ পরিষদ তহবিলের যথাযথ অর্পিত খরচ হিসাবে গণ্য হইবে।

(৩) চলতি ব্যয়-বরাদ্দ আয়ের বরাদ্দ অপেক্ষা বেশী হইতে পারিবে না। কোন বছর যদি চলতি ব্যয় চলতি আয় বরাদ্দ অতিক্রম করে, তবে সেই ক্ষেত্রে সেই বছরের ঘাটতি পুরণের জন্য পরিষদ বিগত বছরের জমাকৃত উদ্বৃত্ত (যদি থাকে) ব্যবহার করিতে পারিবে।

(৪) চলতি হিসাব এর ঘাটতি পুরণে ঋণ ব্যবহার করা যাইবে না।

(৫) যদি চলতি ব্যয় বরাদ্দ আয় বরাদ্দ ছাড়াইয়া যায়, তাহা হইলে পরিষদ নিম্নোক্ত পদক্ষেপসমূহ বিবেচনা করিতে পারে, যথা:—

(ক) কর, রেইট, সেস, টোল অথবা ফি আরোপের মাধ্যমে অতিরিক্ত রাজস্ব আদায়, এবং

(খ) উপবিধি (২)-এ বর্ণিত অগ্রাধিকার তালিকার দিকে লক্ষ্য রাখিয়া অনর্পিত খরচ কমানো বা স্থগিত রাখা।

৭। বাজেট অনুমোদনের জন্য বিশেষ সভা।—(১) একটি বিশেষ সভায় বাজেট আলোচনা ও অনুমোদন করিতে হইবে এবং পরিষদ প্রতি বছর ১লা জুন উহা সরকারের নিকট দাখিল করিবে;

(২) উপ-ধারা (১) এর অধীনে বাজেটের অনুলিপি প্রাপ্তির ৩০ দিনের মধ্যে সরকার, আদেশ দ্বারা বাজেটটি সংশোধন করিতে পারিবেন এবং অনুরূপ সংশোধিত বাজেট পরিষদের অনুমোদিত বাজেট বলিয়া গণ্য হইবে।

(৩) যদি বাজেট প্রাপ্তির ৩০ দিনের মধ্যে সরকার কোনরূপ সংশোধন না করেন তবে পরিষদ কর্তৃক প্রণীত বাজেটই অনুমোদিত বাজেট বলিয়া গণ্য হইবে।

৮। বাজেট প্রত্যায়ন।—পরিষদ যদি ১লা জুনের পূর্বে বাজেট প্রস্তুত ও অনুমোদন না করে, তবে সরকার ঐ বছরের পরিষদের সম্ভাব্য আয়-ব্যয় দেখাইয়া একটি বিবরণী প্রস্তুত করিয়া তাহা প্রত্যায়ন করিবে। এই প্রত্যায়নকৃত বিবরণীটি পরিষদের সংশ্লিষ্ট অর্থ বৎসরের বাজেট বলিয়া বিবেচিত হইবে।

৯। অতিরিক্ত খরচের পুর্নবিভাজন।—(১) বাজেটে খাতওয়ারী যে পরিমাণ সংস্থান রাখা হইয়াছে তাহার অতিরিক্ত অর্থ পরিষদ খরচ করিতে পারিবে না।

(২) অর্পিত খরচের ক্ষেত্রে এক খাতের বরাদ্দ হইতে অন্য খাতে অর্থ স্থানান্তর করা যাইবে না। অনর্পিত খরচের ক্ষেত্রে প্রয়োজনবোধে এক খাত হইতে অন্য খাতে অর্থ স্থানান্তর করা যাইবে, তবে ইহার পরিমাণ যে খাতে স্থানান্তরিত করা হইবে তাহার মোট বরাদ্দের শতকরা ১০ ভাগের বেশী হইতে পারিবে না।

১০। ন্যূনতম সমাপ্তি জের।—পরিষদের ন্যূনতম সমাপ্তি জের সাধারণতঃ সমগ্র অর্থ বৎসরের সংস্থাপন ও নির্দিষ্ট মাসিক খরচের খাতের মোট ব্যয়ের ১/১২ এর কম হইবে না অথবা এক মাসের মোট গড় ব্যয়ের কম হইবে না।

১১। সংশোধিত হিসাব।—(১) পরিষদ যদি মনে করে যে, বাজেটে যে আয়-ব্যয়ের বরাদ্দ দেখানো হইয়াছে তাহা হইতে সংশ্লিষ্ট বৎসরের প্রকৃত আয়-ব্যয়ের পরিমাণে বড় ধরণের পার্থক্য দেখা দিতে পারে সেক্ষেত্রে পরিষদ সংশ্লিষ্ট অর্থ বৎসরের মধ্যে প্রকৃত প্রয়োজনের ভিত্তিতে সংশোধিত বাজেট তৈরী করিতে পারিবে।

(২) বাজেট প্রস্তুতের নিয়মাবলী অনুসরণ করিয়া প্রয়োজনমত পরিবর্তন আনয়ন করিয়া সংশোধিত বাজেট প্রস্তুত করিতে হইবে।

১২। সুনির্দিষ্ট প্রকল্পের জন্য তহবিল।—কোন নির্দিষ্ট প্রকল্পে ব্যয় করার জন্য সরকার কর্তৃক পরিষদের কাছে ন্যস্ত অর্থ সরকারের নির্দেশক্রমে পরিষদের বাজেটে অন্তর্ভুক্ত করা যাইবে এবং সেই ক্ষেত্রে পরিষদ অর্থের প্রাপ্তি ও ব্যয় বাজেট বরাদ্দে বা সংশোধিত বাজেটে অন্তর্ভুক্ত করিবে।

১৩। রহিতকরণ।—বান্দরবান পার্বত্য জেলা স্থানীয় সরকারের ক্ষেত্রে The District Council ( Preparation and Sanction of Budget ) Rules, 1960 এর প্রয়োগ এতদ্বারা রহিত করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নাজেম আহমেদ চৌধুরী

সচিব।

ফরম নং "ক"

(৩ নং বিধি)

পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের বাজেট

বৎসর ....................

প্রথমাংশ—চলতি খাত

| আয়ের খাতসমূহ | আগামী বৎসরের বাজেট বরাদ্দ। | চলতি বৎসরের বাজেট বা সংশোধিত বাজেট বরাদ্দ। | পূর্ববর্তী বৎসরের প্রকৃত আয়। | ব্যয়ের বিবরণ | আগামী বৎসরের বাজেট বরাদ্দ। | চলতি বৎসরের বাজেট বা সংশোধিত বাজেট বরাদ্দ। | পূর্ববর্তী বৎসরের প্রকৃত আয়। |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১। স্থানীয় রেট | | | | ১। সাধারণ সংস্থাপন | | | |
| ২। কর— | | | | (১) কর্মকর্তা/কর্মচারীদের বেতন ও ভাতা | | | |
| (ক) ভূমি কর (স্থানীয় রেট ব্যতীত) | | | | (ক) অর্পিত | | | |
| | | | | (খ) অনর্পিত | | | |
| (খ) স্থায়ী সম্পদ হস্তান্তর কর | | | | (২) অন্যান্য প্রাতিষ্ঠানিক ব্যয়। | | | |
| (গ) বিজ্ঞপ্তি কর | | | | ২। কর আদায় বাবদ ব্যয় (অনর্পিত) | | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|
| ৩। টোল স্থানীয় সরকার পরিষদ কর্তৃক নিয়ন্ত্রিত রাস্তা, সেতু, ফেরী, ইত্যাদির উপর টোল। | | | | ৩। কৃষি (অর্পিত) (প্রকল্পসমূহ পৃথকভাবে উল্লেখ করুন)। | | | |
| ৪। রেট স্থানীয় সরকার পরিষদ কর্তৃক গৃহীত জন কল্যাণমূলক কাজের জন্য রেট (নির্দিষ্ট করুন) | | | | ৪। স্বাস্থ্য ও স্বাস্থ্য ব্যবস্থা (অর্পিত) (প্রকল্পসমূহ পৃথকভাবে উল্লেখ করুন)। | | | |
| ৫। ফী—<br>(ক) স্থানীয় সরকার পরিষদ কর্তৃক প্রতিষ্ঠিত ও নিয়ন্ত্রিত বিদ্যালয়সমূহের ফী<br>(খ) স্থানীয় সরকার পরিষদ কর্তৃক নিয়ন্ত্রিত যে কোন জন কল্যাণমূলক কাজ হইতে উদ্ভূত সুবিধাদির উপর ফী (নির্দিষ্ট করুন)<br>(গ) পরিষদ কর্তৃক প্রদত্ত নির্দিষ্ট সেবার উপর ফী। (নির্দিষ্ট সেবা উল্লেখ করুন) | | | | ৫। রাস্তা, ইমারত এবং যোগাযোগ (অর্পিত) (প্রকল্পসমূহ পৃথকভাবে উল্লেখ করুন)। | | | |
| ৬। অন্যান্য কর | | | | ৬। শিক্ষা (অর্পিত) (প্রকল্পসমূহ পৃথকভাবে] উল্লেখ করুন)। | | | |

৭। সম্পদ হইতে ভাড়া ও মুনাফা।

৮। স্বেচ্ছামূলক দান

৯। অনুদান:

(ক) সরকার হইতে—

(ক.১) বর্ধিত অনুদান

(ক.২) জমির মালিকের করের (Cosses) অংশের পরিবর্তে অনুদান।

(ক.৩) বকেয়া করের পরিবর্তে অনুদান।

(ক.৪) দুর্মূল্য ভাতা বাবদ সরকারের আর্থিক সাহায্য।

(ক.৫) অন্যান্য উদ্দেশ্য (পৃথকভাবে উল্লেখ করুন)।

(খ) অন্যান্য উৎস হইতে (উৎস এবং উদ্দেশ্য পৃথকভাবে উল্লেখ করুন)।

১০। বিনিয়োগ হইতে সুদ

১১। বিবিধ

১২। প্রারম্ভিকদের জের

মোট আয় (চলতি হিসাব)

৭। সেচ ও বাঁধ (অর্পিত) (প্রকল্পসমূহ পৃথকভাবে উল্লেখ করুন)।

৮। বিবিধ

(ক) অডিট (অর্পিত)

(খ) নির্বাচন (অর্পিত)

(গ) (অন্যান্য খাত পৃথকভাবে উল্লেখ করুন)।

(ঘ) শেষ জের

মোট ব্যয় (চলতি হিসাব)

## দ্বিতীয়াংশ—মূলধন হিসাব

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|
| ১। ঋণ : | | | | ১। সরকার এবং অন্যান্য পাওনাদারদের ঋণ পরিশোধ (অর্পিত) (প্রত্যেকটি পৃথকভাবে দেখাইতে হইবে)। | | | |
| (ক) সরকার হইতে— | | | | | | | |
| (ক.১) (পৃথকভাবে উল্লেখ করুন) | | | | | | | |
| (ক.২) ঐ | | | | | | | |
| (ক.৩) ঐ | | | | | | | |
| (খ) অন্যান্য উৎস হইতে | | | | ২। বিনিয়োগ | | | |
| (খ.১) (পৃথকভাবে উদ্দেশ্য উল্লেখ করুন) | | | | ৩। আমানত ও অগ্রিম | | | |
| (খ.২) ঐ | | | | ৪। ঋণ হইতে খরচ (কারণসমূহ পৃথকভাবে উল্লেখ করুন)। | | | |
| ২। পরিষদকে পরিশোধিত অংকের পরিমাণ (উৎস পৃথকভাবে উল্লেখ করুন)। | | | | | | | |
| ৩। বিনিয়োগ বিক্রয় লব্ধ অর্থ | | | | | | | |
| ৪। আমানত ও অগ্রিম | | | | | | | |
| ৫। প্রারম্ভিক জের | | | | ৫। শেষ জের | | | |
| মোট আয় (মূলধন হিসাব) | | | | মোট ব্যয় (মূলধন হিসাব) | | | |

তৃতীয় অংশ—বিশেষ তহবিল

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|
| ১। যাকাত : | | | | ১। যাকাত : | | | |
| (ক) প্রারম্ভিক জের | | | | (ক) কালেক্টরের নিকট প্রেরণ | | | |
| (খ) যাকাত কুপনের বিক্রয়লব্ধ অর্থ | | | | (খ) আদায় খরচ | | | |
| (গ) প্রকারান্তরে প্রদত্ত যাকাতের বিক্রয়লব্ধ অর্থ। | | | | (গ) অন্যান্য খরচ (দফাওয়ারী) উল্লেখ করিতে হইবে, যদি থাকে)। | | | |
| | | | | (ঘ) শেষ জের | | | |
| মোট আয় (বিশেষ তহবিল) | | | | মোট ব্যয় (বিশেষ তহবিল) | | | |

ফরম "খ"

..................পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের নিয়মিত কর্মচারীদের বিবরণ

সন............

| ভাগ/শা শাখা। প/শাখা খা। | ক্রমিক নং। | পদবী | পদের সংখ্যা। | পদধারীর সংখ্যা। | বেতন স্কেল। | মহার্ঘ ভাতা। | কন্ট্রিবিউটরী প্রভিডেন্ট ফাণ্ড। | অন্যান্য ভাতা। | মাসিক গড় খরচ। | বাৎসরিক বরাদ্দ। | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| | | | | | | | | | | | |

প্রধান নির্বাহী কর্মকর্তা
..............পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ।

চেয়ারম্যান
..............পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ।

ফরম "ঘ"

................পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ

সন............

বিশেষ বিশেষ প্রকল্পে ব্যয়ের জন্য সরকার প্রদত্ত অর্থের বিবরণ

| ক্রমিক নং। | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | প্রাপ্ত সরকারী অর্থের পরিমাণ। | বছরে যে অর্থ ব্যয় হইয়াছে বা হইতে পারে তাহার পরিমাণ। | সম্ভাব্য ক্ষেত্র | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |

প্রধান নির্বাহী কর্মকর্তা
............পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ।

চেয়ারম্যান
............পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোহাম্মদ আহ্‌সানুল কবির, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।